গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৬৫.১৯-৪২৭

তারিখঃ ০৫ ভাদ্র ১৪২৬ ব.
২০ আগস্ট ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৪৩৮০/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ৪৩৮০/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ৪৩৮০/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপ:

| রিট পিটিশন নং | পিটিশনার | রেসপনডেন্ট | মামলা দায়েরের কারণ/বিষয় |
|---|---|---|---|
| ৪৩৮০/২০১৯ | জনাব মো: মনির উদ্দিন, পিতা- আব্দুর রহমান, গ্রাম- নারায়নপুর, ডাক- ভবকালী নতুন বাজার, উপজেলা- সদর, জেলা- ময়মনসিংহ। | সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ডিজি, ডিটিই ও আরো অন্যান্যসহ মোট ০৮ (আট) জন। | ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন ল্যাংরার বাজার আলিম মাদ্রাসা'র ভোকেশনাল শাখায় নিয়োগকৃত ল্যাব বিয়ারার কাম ক্লিনার জনাব মো: মনির উদ্দিন কর্তৃক এমপিওভুক্তির জন্য ১৪/০৮/২০১৮ তারিখে ডিজি, ডিটিই বরাবর আবেদন করা হয়।<br>উক্ত আবেদনটি নিষ্পত্তি না করায়/আবেদনের আলোকে প্রতিকার না পাওয়ায় তৎ কর্তৃক এমপিওভুক্তির জন্য ১৪/০৮/২০১৮ তারিখে দাখিলকৃত আবেদনটি নিষ্পত্তির নির্দেশনা দাবী করে পিটিশনার জনাব মো: মনির উদ্দিন কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-৪৩৮০/২০১৯ মামলা দায়ের করা হয়। |

০২। উল্লেখ্য গত ২৩/০৪/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী অনিষ্পন্ন রেখে পিটিশনারকে বর্ণিত প্রতিষ্ঠানে এমপিওভুক্তির জন্য কেন নির্দেশনা প্রদান করা হবেনা এবং পিটিশনার কর্তৃক এমপিওভুক্তির জন্য ১৪/৮/২০১৯ তারিখে (Annexure-E মূলে) দাখিলকৃত আবেদনটি নিষ্পত্তিকরণের জন্য কেন নির্দেশনা প্রদান করা হবেনা; সে মর্মে ২১/০৫/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়। একইসাথে পিটিশনার কর্তৃক ১৪/৮/২০১৮ তারিখে (Annexure-E মূলে) দাখিলকৃত আবেদনটি আদেশপ্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে নিষ্পত্তি করার জন্য ৩ নং প্রতিপক্ষ (ডিজি, ডিটিই) -কে নির্দেশনা দিয়ে এক অন্তবর্তীকালীন আদেশ দেয়া হয়েছে।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে ব্যবস্থা গ্রহণক্রমে রিট মামলায় সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল হয়েছে কিনা? হয়ে থাকলে মামলার সর্বশেষ অবস্থা কি? জবাব দাখিল না হয়ে থাকলে জরুরিভিত্তিতে মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং- ৪৩৮০/২০১৯ মামালার বিষয়ে (বর্ণিত Annexure-E মূলে দাখিলকৃত আবেদনটি নিষ্পত্তিক্রমে) সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়ে থাকলে এর সর্বশেষ অবস্থা এবং জবাব (Affidavit in Opposition) দাখিল না হয়ে থাকলে জরুরিভিত্তিতে মাননীয় আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ২৯/০৮/২০১৯ খ্রি: এর মধ্যে এ বিভাগকে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

২০.৮.১৯

(এ.কে.এম শহীদুল্লাহ)
উপসচিব (অডিট ও আইন)
ফোন-৯৫৭৪০৯০।

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।